ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৫২০
খোয়াই,৩ মে,২০২৫

**৫ মে থেকে দেবেন্দ্র চৌধুরী বিদ্যালয়ে**
**প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক কর্মশালা**

আগামী ৫ মে থেকে পদ্মবিল ব্লকের দেবেন্দ্র চৌধুরী ইংরেজি মাধ্যম বিদ্যালয়ে শুরু হবে তিনদিনব্যাপী প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা বিষয়ক কর্মশালা। কর্মশালায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী সহ স্থানীয় জনসাধারণ অংশগ্রহণ করবেন। এ উপলক্ষ্যে সম্প্রতি ঐ বিদ্যালয়েই এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন পদ্মবিল ব্লকের বি.এ.সি.-র ভাইস চেয়ারম্যান সরজিৎ দেববর্মা, বিদ্যালয়ের এস.এম.সি. কমিটির চেয়ারম্যান ধর্মেন্দ্র দেববর্মা, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের যুগ্ম অধিকর্তা দিলীপ কুমার দেববর্মা, বিদ্যালয়ের প্রধান শিক্ষক তুষার দেববর্মা সহ অন্যান্যরা।

*****